# সেরে উঠলেন মহারাষ্ট্রের প্রথম ওমিক্রন রোগী

মুম্বই ॥ ওমিক্রন নিয়ে চিন্তিত গোটা বিশ্ব। বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানিয়েছে, ইতিমধ্যেই ৫৭টি দেশে সন্ধান মিলেছে ওমিক্রনের। দ্রুত গতিতে এই ভাইরাসের স্ট্রেন ছড়িয়ে পড়ছে। ভারতে ইতিমধ্যে ২৩ জন আক্রান্তের খোঁজ মিলেছে। এর মধ্যেই জানা গেল, এক সপ্তাহের মধ্যেই মহারাষ্ট্রের প্রথম ওমিক্রন আক্রান্তের করোনা রিপোর্ট নেগেটিভ এল। বুধবারই মহারাষ্ট্রের থানের বাসিন্দা বছর ৩৩-এর ওই যুবকের করোনা পরীক্ষার রিপোর্ট আসে। তাতেই দেখা যায় তিনি সুস্থ হয়ে উঠেছেন। ইতিমধ্যে তাঁকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে। তবে ওই ব্যক্তিকে এক সপ্তাহ গৃহবন্দি থাকার নির্দেশ দেওয়া হয়েছে চিকিৎসকদের তরফে। নভেম্বর মাসের শেষ সপ্তাহে দক্ষিণ আফ্রিকা থেকে দুবাই হয়ে ভারতে আসেন বছর ৩৩-এর মেরিন ইঞ্জিনিয়ার। ২৪ নভেম্বর দিল্লি বিমানবন্দরে তাঁর আরটি-পিসিআর পরীক্ষা করা হয়। সেখান থেকে তিনি ফের মুম্বইয়ের বিমানে ওঠেন। মুম্বই বিমানবন্দরে পৌঁছনোর পর দিল্লি বিমানবন্দর কর্তৃপক্ষ জানায়, যুবকের করোনা রিপোর্ট পজেটিভ এসেছে। এরপর তাঁর নমুনা সংগ্রহ করে জিনোম সিকোয়েন্সিংয়ের জন্য পাঠানো হয় ও তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। তবে এক সপ্তাহের মধ্যেই তাঁর করোনা রিপোর্ট নেগেটিভ এল। জন্মদিনে বাড়ি ফিরলেন তিনি। এদিকে দক্ষিণ আফ্রিকায় লাফিয়ে বাড়ছে ওমিক্রন আক্রান্তের সংখ্যা। গত নভেম্বরে দক্ষিণ আফ্রিকাতেই প্রথম করোনা ভাইরাসের নতুন স্ট্রেন-এ আক্রান্তের খোঁজ মিলেছিল। জানা গিয়েছে, সেদেশে দু'দিন অন্তর দ্বিগুণ হচ্ছে ওমিক্রন আক্রান্তের সংখ্যা। গোটা বিষয়ে উদ্বিগ্ন দক্ষিণ আফ্রিকা সরকার। প্রসঙ্গত, কড়া বিধিনিষেধ না মানলে এবং সতর্ক না হলে আগামী বছরের গোড়াতেই ফের মারাত্মক রূপ ধারণ করতে পারে করোনা, এমনই আশঙ্কা প্রকাশ করেছে আইএমএ। তবে এই উদ্বেগের মধ্যে বুধবার বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানিয়েছে, করোনার নয়া স্ট্রেন ওমিক্রনের বিরুদ্ধে শক্তিশালী হাতিয়ার হয়ে উঠবে ভ্যাকসিনই। ওমিক্রনের পক্ষে টিকার জোড়া ডোজের স্তর ভেদ করা কঠিন বলেই জানাচ্ছে হু। একইসঙ্গে স্বস্তি দিচ্ছে দেশের নিম্নমুখী অ্যাকটিভ কেস।

# বাজাজ অ্যালিয়ানজ জেনারেল ইন্স্যুরেন্স কেয়ার ফর হকি ক্যাম্পেন চালু করেছে

কলকাতা ॥ ভারতের অন্যতম প্রধান বেসরকারি বীমা সংস্থা বাজাজ অ্যালিয়ানজের পক্ষ থেকে কেয়ার ফর হকি ক্যাম্পেন চালু করার কথা ঘোষণা করা হয়েছে। এই প্রচারের খাতিরে ক্যাম্পেনের মুখ হিসেবে ভারতীয় মহিলা হকি দলের ক্যাপ্টেন রানী রামপালের সাথে চুক্তিবদ্ধ হয়েছে বাজাজ। যার মূল উদ্দেশ্য হল দেশে হকির জনপ্রিয়তা বৃদ্ধি। শুধু তাইনয়, এই ক্যাম্পেনের মাধ্যমে দেখানো হবে কী ভাবে একজন ব্যক্তি তাঁর কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছে সমাজে একটি পার্থক্য তৈরি করতে সক্ষম হয়। কেয়ার ফর হকি ক্যাম্পেনর প্রধান লক্ষ্য হল তৃণমূল স্তরে ভারতীয় হকির বিকাশ। ক্যাম্পেনর জন্য রানী রামপালকে নির্বাচন করার পেছনে বাজাজের মূল উদ্দেশ্য হল-তাঁর নিরলস দৃঢ়তা, তার লক্ষ্যের উপর ফোকাস, সময়মত সমর্থন এবং হাল না ছাড়া মনোভাব, তিনি আজ যেখানে আছেন সেখানে তাকে দাঁড়াতে সাহায্য করেছে। সর্বপোরি তিনি হলেন আজকের প্রজন্মের কাছে এক বিরাট অনুপ্রেরণা যিনি সব প্রতিকূলতাকে উপেক্ষা করে স্বপ্ন পূরণের লক্ষ্যে অবিচল থেকেছেন। সুতরাং ব্র্যান্ডের প্রস্তাবনা অনুযায়ী, কঠোর পরিশ্রম, মনোযোগ এবং লোকদের সমর্থন আপনাকে আপনার লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করতে পারে। বলাবাহুল্য, রানীর যাত্রা এবং তাঁর মতো অনেকের সংগ্রাম থেকে শিক্ষা নিয়ে, বাজাজ অ্যালিয়ানজ জেনারেল ইন্স্যুরেন্স আজ এক ধাপ এগিয়েছে এবং দিল্লি-ভিত্তিক এনজিও - হকি সিটিজেন গ্রুপের একটি ফ্ল্যাগশিপ প্রকল্প ওয়ান থাউজেন্ড হকি লেগসের সাথে যুক্ত হয়েছে। এই অ্যাসোসিয়েশনের একটি অংশ হিসাবে, কোম্পানী কোচিং, পুষ্টি এবং সরঞ্জামের ক্ষেত্রে সুবিধাবঞ্চিত শিশুদের হকি খেলতে সাহায্য করবে। এই প্রচারাভিযানের মাধ্যমে বাজাজ তৃণমূল পর্যায়ে হকির উন্নয়ন আশা করে। যা ভবিষ্যতেযেমন শিশুদের বিশ্বের দরবারে পরিচিতি দেবে তেমনি অপরদিকেতাদের রোল মডেল হওয়ার সুযোগও প্রদান করবে।

এই অনুষ্ঠানে মন্তব্য করতে গিয়ে, বাজাজ অ্যালিয়ানজ জেনারেল ইন্স্যুরেন্সের এমডি এবং সিইও তপন সিংহেল বলেন, "বাজাজ অ্যালিয়ানজ জেনারেল ইন্স্যুরেন্স হল এমন একটি ব্র্যান্ড যা মানুষের যত্ন, পার্থক্য করার আবেগ এবং পরিবর্তনের নেতৃত্ব দেওয়াকে অনুপ্রাণিত করেকেয়ার ফর হকি প্রচারভিযান হল এই ব্র্যান্ডের মানগুলিকে এগিয়ে নিয়ে যাওয়ার একটি প্রয়াস। যাতে হকির প্রতি লোকের আবেগকে বাড়িয়ে ভারতে হকিকে বাঁচিয়ে রাখা যায়। আমি নিশ্চিত যে রানী রামপাল এবং ওয়ান থাউজেন্ড হকি লেগস প্রকল্পের সমর্থনে ক্যাম্পেনর মাধ্যমে এই বার্তাটিকে শেষ মাইল পর্যন্ত নিয়ে যেতে সাহায্য করবে এবং হকিতে সব রেকর্ড ভেঙে দেশের জন্য ইতিহাস গড়তে উৎসাহিত করবে।"

ভারতীয় মহিলা হকি দলের ক্যাপ্টেন এবং পদ্মশ্রী পুরস্কার বিজয়ী রানী রামপাল বলেন, "আপনার চারপাশের লোকেদের কাছ থেকে উৎসাহ এবং সমর্থনের একটি শব্দ আপনাকে আপনার স্বপ্নগুলি অর্জনে সহায়তা করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমি আজ যেখানে আছি সেখানে আমার চ্যালেঞ্জ ছিল এবং আমি বাজাজ অ্যালিয়ানজ জেনারেল ইন্স্যুরেন্সের মতো একটি ব্র্যান্ডের সাথে যুক্ত হতে পেরে আনন্দিত যেটি অত্যন্ত প্রয়োজনীয় সহায়তা প্রদানের মাধ্যমে "'ক্যারিংলি ইয়োরস"' এর দর্শনের প্রতি সত্যতা প্রমাণিত করে। তিনি বলেন, আমি বিশ্বাস করি যে এটি অবশ্যই ভারতে এই খেলাটিকে অনুসরণ করার জন্য মানুষকে অনুপ্রাণিত করতে অনেক দূর এগিয়ে যাবে।"

অ্যাসোসিয়েশন সম্পর্কে মন্তব্য করতে গিয়ে, হকি সিটিজেন গ্রুপের প্রতিষ্ঠাতা এবং সিইও মিঃ কে. অরুমুগাম বলেছেন, "ওয়ান থাউজেন্ড হকি লেগস, যা আমাদের এনজিওর একটি ফ্ল্যাগশিপ প্রকল্প, সুবিধাবঞ্চিত শিশুদের প্রয়োজনীয় সহায়তা এবং সুযোগ দেওয়ার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে।আমি সত্যিই বাজাজ অ্যালিয়ানজ জেনারেল ইন্স্যুরেন্সের প্রশংসা করি যে এই শিশুদের ক্ষমতায়নের জন্য তাদের সমর্থন প্রসারিত করার জন্য, যাদের হকি খেলায় উৎসাহী। শুধু তাই নয় আমাদের দেশে এই খেলাটিকে সমৃদ্ধ করতেও সাহায্য করবে। বাজাজ অ্যালিয়ানজ জেনারেল ইন্স্যুরেন্সের এই প্রচারাভিযানের মাধ্যমে ভারতে হকির উন্নয়নের দিকে অগ্রসর হবে এবং অনেককে তাদের স্বপ্ন পূরণের জন্য সাহায্য এবং উৎসাহিত করবে।

# ইন্ডিয়া স্কিলস রিপোর্ট ২০২২ অনুযায়ী এবছর কর্মসংস্থানের সুযোগ ৪৫.৯৭ থেকে বেড়ে হয়েছে ৪৬.২

কলকাতা ৯ ডিসেম্বর, ॥ নতুন প্রতিভার চাহিদা এবং যোগানের উপর ভিত্তি করে হুইবক্স- সিআইআই, এআইসিটিই, এআইইউ, সানস্টোন এডুভারসিটি এবং ইউএনডিপির সঙ্গে যৌথ উদ্যোগে "ইন্ডিয়া স্কিলস রিপোর্ট ২০২২ প্রস্তুত করেছে। আইএসআর ২০২২ অনুযায়ী, সব মিলিয়ে দেশের ৪৬.২ যুব চাকরি পাওয়ার জন্য অত্যন্ত যোগ্য যেখানে গতবছর এই হার ছিল ৪৫.৯৭, এটি একটি উল্লেখযোগ্য অগ্রগতি। মেয়েদের নিয়োগ যোগ্যতা সুস্পষ্টভাবে বাড়ছে,বর্তমানে যা ৫১.৪৪ শতাংশ। যেখানে পুরুষদের নিয়োগ যোগ্যতা ৪৫.৯৭ শতাংশ। আরেকটি প্রবণতা যা স্পষ্টভাবে উঠে এসেছে তা হল ৮৮.৬ স্নাতক ইন্টার্নশিপের সুযোগ চাইছেন। এই সমীক্ষায় দেখা গেছে মহারাষ্ট্র, উত্তর প্রদেশ এবং কেরালাতে নিয়োগ যোগ্যতার মান সর্বোচ্চ। তুলনায় গতবছর মহারাষ্ট্র, তামিলনাড়ু,উত্তর প্রদেশ এবং কর্নাটকে এই হার ছিল সর্বাপেক্ষা বেশি। বিভিন্ন ক্ষেত্রের মধ্যে তুলনা করে দেখা গেছে বি.টেক স্নাতক এবং এমবিএ-দের নিয়োগ যোগ্যতা সর্বাপেক্ষা বেশি। পুনে,লখনৌ এবং ত্রিবান্দ্রামে সবথেকে সেরা চাকরিযোগ্য প্রার্থী রয়েছেন, যেখানে স্নাতক চাকরি প্রার্থীদের ক্ষেত্রে সবথেকে পছন্দসই কাজের জায়গা ব্যাঙ্গালোর, কোচি এবং চেন্নাই। মহারাষ্ট্র,উত্তর প্রদেশ,কেরালা এবং পশ্চিমবঙ্গে তরুণ প্রতিভারা সর্বাধিক কাজের সুযোগ পাচ্ছেন।অনুষ্ঠানে হুইবক্স-এর প্রতিষ্ঠাতা এবং সিইও নির্মল সিং বলেন, "এই অতিমারি আমাদের দূর শিক্ষা এবং দূর থেকে কাজ করতে শিখিয়েছে, এগুলিই তথ্যপ্রযুক্তি, বিজনেস কনসালটেন্সি, আর্থিক পরিষেবা এবং আরও সুনির্দিষ্টভাবে বলতে গেলে এই খেলায় সবার উপরে থাকা ক্ষেত্র, শিক্ষা জগৎ এর ক্ষেত্রে নব্য স্বাভাবিকতা হয়ে উঠতে চলেছে।"তিনি আরও বলেন, আমরা দেখছি বিগত কয়েক বছরে যে সমস্ত শিক্ষার্থীরা ন্যাশনাল এম্প্লয়াবিলিটি টেস্টে জটিল চিন্তা এবং সংখ্যাতত্ত্বে দক্ষতা প্রমাণ করেছে সিনিয়ার এনালিস্ট এবং বিগ ডাটা ইঞ্জিনিয়ারিং-এর মতো ক্ষেত্রে তাদের উন্নতি দ্রুততর হচ্ছে। সুতরাং, এটা পরিষ্কার শিক্ষার্থীদের বৃহত্তর ও সাফল্যের চাবিকাঠি তাদের নিয়োগ যোগ্যতা। শিক্ষিত এবং দক্ষ পেশাদারদের চাহিদা নিয়ন্ত্রণ করবে আইটি/আইটিইএস, ফার্মাসিউটিক্যাল, ই-কমার্স এবং বিএফএসআই - এর মত ক্ষেত্রগুলি। ২০২১ সালের তুলনায় ২০২২ সালে এই ক্ষেত্রগুলিতে নতুনদের নিয়োগ ২০ বাড়বে বলে আশা করা হচ্ছে। প্রযুক্তিগত দক্ষতার চাহিদা থাকবে সমস্ত শিল্পক্ষেত্রে।ভারতে ইন্টারনেট ব্যবসা, সফটওয়্যার-হার্ডওয়্যার এবং তথ্যপ্রযুক্তি, ফার্মা এবং বিএফএসআই ক্ষেত্রে চাকরির সুযোগ সর্বাপেক্ষা বেশি হবে। একইসঙ্গে,২০২২ সালে দেশীয় সংস্থাগুলোতে চাকরির সুযোগ সংক্রান্ত পূর্বাভাস অনুযায়ী গোটা দেশে এই হার হবে ৩৫.৯৬ সমীক্ষায় উঠে এসেছে গত বছরের তুলনায় এই ক্ষেত্রে ইতিবাচক উন্নতি হয়েছে। সমীক্ষায় আরও দেখা যাচ্ছে, ২০২২ সালে চাকরি ক্ষেত্রে যে সমস্ত কোর্সগুলির চাহিদা থাকবে সেগুলি হল বি.টেক এবং এমবিএ।

এই ক্ষেত্রের স্নাতকদের ক্ষেত্রে নিয়োগের সুযোগ থাকবে যথাক্রমে ৫৫.১৫ এবং ৫৫.০৯ আইটি, সিএসই, ইসিই ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে সবথেকে বেশি নিয়োগের সুযোগ তৈরি করবে। কাজের জগতে মহিলাদের অংশগ্রহণ গতবছর যেখানে ছিল৩৬, এবছর বিভিন্ন শিল্পক্ষেত্রে তা হয়েছে ৩২.৮। যদিও, কর্মরত পেশাদারদের মধ্যে বড় অংশ ৬২.২ পুরুষদের দখলে, বেশিরভাগ শিল্প সংস্থা বেশি সংখ্যক মহিলাদের নিযুক্ত করে কাজের জগতে তাদের সংখ্যা বৃদ্ধি কে উৎসাহ দিচ্ছে। তেলেঙ্গানার সবথেকে বেশি ৩৯.৪২ নিয়োগ যোগ্য মহিলারা রয়েছেন, দ্বিতীয় স্থানে থাকা কর্নাটকে এই হার ৩৫.৪৪ শতাংশ।ইন্টারনেট ব্যবসায় সব থেকে বেশি সংখ্যক মহিলা কর্মরত রয়েছেন যেখানে মহিলা কর্মীর হার ৫৪.৫। রিটেল ক্ষেত্রে পুরুষ কর্মীর সংখ্যা সবথেকে বেশি ৯৫, দ্বিতীয় স্থানে ম্যানুফ্যাকচারিং ক্ষেত্রে পুরুষ কর্মীর সংখ্যা ৮৮ এর পরেই রয়েছে অটোমোবাইল ক্ষেত্র যেখানে কর্মীদের ৮০ পুরুষ কর্মী। তথ্যপ্রযুক্তি এবং প্রযুক্তি ব্যবসায় মহিলাদের অংশগ্রহণ ৫২.৬৭, এর পিছনে থাকা ফার্মাসিউটিক্যালস ক্ষেত্রে মহিলা কর্মী ৩৫ এবং বিএফএসআই ক্ষেত্রে ৩০। দূর থেকে কাজের সুযোগ এবং হাইব্রিড মডেলের সৌজন্যে বিভিন্ন শিল্প সংস্থায় আরও বিস্তৃত কর্মী সমাজ সৃষ্টির আশা করা হচ্ছে।

# জ্ঞানপীঠ পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা

**স্টাফ রিপোর্টার :** জ্ঞানপীঠ সিলেকশন বোর্ড ৫৬ ও ৫৭তম জ্ঞানপীঠ পুরস্কারের জন্য নাম ঘোষণা করলো।২০২১ ও '২২ বছরের জন্য পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করা হয়েছে।আসামের কবি নীলমণি ফুকনকে ৫৭ তম জ্ঞানপীঠ পুরস্কার দেওয়া হয়।এছাড়াও কোঙ্কানির লেখক দামোদর মউজোকে জ্ঞানপীঠ পুরস্কার দেওয়া হয়। জ্ঞানপীঠ পুরস্কার জয়ী প্রতিভা রায়ের সভাপতিত্বে এক বৈঠকে পুরস্কার প্রাপকদের নাম নিয় সিদ্ধান্ত গ্রহণ করেন জ্ঞানপীঠ সিলেকশন বোর্ড। সিলেকশন বোর্ডে থাকা অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা হলেন মাধব কৌশিক, সৈয়দ মহম্মদ আশরাফ, অধ্যাপক হরিষ ত্রিবেদী, অধ্যাপক সুরঞ্জন দাস, চন্দ্রকান্ত পাতিল, ডাঃ এস মণি ভালান, প্রভা ভার্মা, অধ্যাপক আসগার ওয়াজাহাদ ও মধুসূদন আনন্দ। ১৯৩৩ সালে জন্মগ্রহণ করা নীলমণি ফুকান সাহিত্য অ্যাকাডেমি পুরস্কার, আসাম ভ্যালি সাহিত্য পুরস্কারপ্রভৃতি পেয়েছেন।তিনি ভারতীয় ভাষার পাশাপাশি বিদেশি ভাষাতেও কাজ করেছেন।

# গান্ধিনগরে ৫জি ট্রায়াল শুরু করল ভিআই

**স্টাফ রিপোর্টার : ভোডাফোন-আইডিয়া লিমিটেড বুধবার ঘোষণা করলো নোকিয়ার ৫জি রেডিও অ্যাক্সেস নেটওয়ার্ক ও ৫জি কোর সিকিওর নেটওয়ার্ক ব্যবস্থার জন্য গড়ে তোলা হয়েছে। গান্ধিনগরে এইজন্য একটি ট্রায়ালের আয়োজন করা হয়। যেখানে কেন্দ্রীয় সরকার যে ৫জি স্পেকট্রাম বরাদ্দ করেছে তার মাধ্যমে ভোডাফোন-আইডিয়া লিমিটেড ৫জি ট্রায়াল শুরু করেছে। এরফলে ভিআই-এর পরিষেবা আরও দ্রুত মিলবে। এরফলে সংস্থা আরও আয় বাড়াতে পারবে। উপকৃত হবেন গ্রাহকরা। ২টি নেটওয়ার্ক এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন। প্রথমটি হল জেনারেল ডাটা ট্রাফিক, দ্বিতীয়টি হল দ্রুত গতির নেটওয়ার্ক পরিষেবা। গ্রাহকরা এর ফলে উচ্চ রেজিলিউশনের ভিডিও কনটেন্ট পাবেন। ভোডাফোন আইডিয়া**

**লিমিটেডের সিটিও জগবীর সিং জানান, এই নেটওয়ার্ক পরিষেবার ফলে নতুন ও আকর্ষনীয় সুযোগ তৈরি হবে। আমাদের এন্টারপ্রাইজ গ্রাহকদের ৫জি পাওয়ার ব্যবহার করতে বলা হয়েছে। এরমধ্যে রয়েছে ভার্চুয়াল রিয়েলিটি, ইন্ডাস্ট্রি ৪.০প্রভৃতি। আগামী দিনের উজ্জ্বল ভবিষ্যতের জন্য গ্রাহকদের ৫জি প্রযুক্তি ব্যবহার করতেই হবে।**

# এনএসএইচ হাওড়ার দক্ষ ও অভিজ্ঞ রোবোটিক সার্জারি দল ক্যান্সার রোগীদের চিকিৎসার জন্য প্রস্তুত

Robotic Surgery in Cancer Care
Narayana Superspeciality Hospital, Howrah
NH

কলকাতা॥ ক্যান্সারের জন্য উপলব্ধ চিকিৎসার প্রচলিত সেট অনুসারে, অনেক ক্ষেত্রে তাদের টিউমার অপসারণের জন্য অস্ত্রোপচারের প্রয়োজন হয়। যদিও অস্ত্রোপচারকে একটি বেদনাদায়ক পদ্ধতি হিসাবে বিবেচনা করা হয় তবে সাম্প্রতিক দশকে থ্রিডি ভিজ্যুয়ালাইজেশন, ন্যূনতম নির্দিষ্ট স্থান নির্ধারণ কৌশল এবং দ্রুত পুনরুদ্ধারের রোবোটিক সার্জারি এই ধারণাটিকে রূপান্তরিত করেছে। এই দৃষ্টিভঙ্গিকে এগিয়ে নিয়ে যাওয়ার প্রয়াসে সম্প্রতি নারায়ণা সুপারস্পেশালিটি হাসপাতাল, হাওড়া ক্যান্সার কেয়ারে উন্নত চিকিৎসার জন্য ৪র্থ প্রজন্মের দা ভিঞ্চি রোবোটিক সার্জারি চালু করেছে। ৯ই ডিসেম্বর, ২০২১ তারিখে দা লালিত গ্রেট ইস্টার্ন কলকাতা, ডালহৌসি স্কোয়ার কলকাতা - ৭০০০৬৯-এ সম্মেলনটি আয়োজিত হয়েছিল।

টিমে রয়েছেন ডঃ সুমন মল্লিক, ডঃ কৌস্তভ বসু, ডঃ তরুণ জিন্দাল, ডঃ শ্রেয়া ভট্টাচার্য, ডঃ (অধ্যাপক) অমিতাভ চক্রবর্তী, ডঃ সুমিত সান্যাল, ডাঃ শুভায়ু ব্যানার্জী, ডঃ নীলেশ তিওয়ারি, ডঃ মনুজেশ বন্দ্যোপাধ্যায় , ডঃ অভিমন্যু কাদাপাথরি।

ক্যান্সার কেয়ারের রোবোটিক সার্জারি টিমের অভিজ্ঞ এবং দক্ষ সার্জনরা সম্মেলনে রোবোটিক সার্জারি (৪র্থ প্রজন্মের দা ভিঞ্চি প্রযুক্তি) দিয়ে ক্যান্সারের উন্নত এবং মনোযোগী চিকিৎসার বিষয়ে আলোচনা করেন। আরো সচেতনতা ছড়িয়ে দেওয়ার জন্য উন্নত রোবোটিক সার্জারির মাধ্যমে গাইনি ক্যান্সার, ইউরো ক্যান্সার, জিআই ক্যান্সার, হেড অ্যান্ড নেক ক্যান্সার, থোরাসিক ক্যান্সার ইত্যাদির উল্লিখিত অর্গানগুলির স্পেসিফিক চিকিৎসার উপর আরেকটি আলোচনা অনুষ্ঠিত হয়।

নারায়ণা হেলথ-এর আঞ্চলিক পরিচালক (পূর্ব) আর. ভেঙ্কটেশ, ,বলেছেন, "আমাদের হাসপাতালের রোগীরা সর্বোত্তম এবং উন্নত চিকিৎসা প্রদানের জন্য আমাদের সমস্ত সক্রিয় প্রচেষ্টা প্রত্যক্ষ করছেন। এই হাই-টেক সংযোজন এই বিশ্বাসকে আরও মজবুত করবে।"

হাওড়ার নারায়ণা সুপারস্পেশালিটি হাসপাতালের ফ্যাসিলিটি ডিরেক্টর প্রতীক জৈন বলেন, "চিকিৎসা পদ্ধতি মূলত রোগীদের অবস্থাকে প্রভাবিত করে।

বিশেষ করে যখন এটি ক্যান্সারের যত্নের ক্ষেত্রে আসে, আরও অগ্রগতি আরও ভাল পুনরুদ্ধার করতে সহায়তা করে। ক্যান্সার কেয়ারে রোবোটিক সার্জারির আমাদের দক্ষ ও অভিজ্ঞ টিম হাওড়ার নারায়ণা সুপারস্পেশালিটি হাসপাতালে তার রোগীদের পরিষেবা এবং সর্বোত্তম যত্ন দেওয়ার জন্য প্রস্তুত। আমরা গত ৪- ৫ মাসে ৫০ টিরও বেশি সফল রোবোটিক সার্জারি করেছি।

---

সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
सेन्ट्रल बैंक ऑफ़ इंडिया
Central Bank of India

রিজিওনাল অফিস : কলকাতা (দক্ষিণ) : ষষ্ঠ তল, ৩৩ এন.এস. রোড, কলকাতা-৭০০ ০০১ ল্যান্ড লাইন নং-০৩৩-২২৪২৭৮৭২
e-mail : recvkolksro@centralbank.co.in

ই-নিলাম : ২৮.১২.২০২১
সকাল ১১.০০ টা থেকে বেলা ১.০০ টা পর্যন্ত [illegible]

"পরিশিষ্ট-৪-এ"
[দেখুন প্রোভিসো রুল ৮ (৬)]:
স্থাবর সম্পত্তি বিক্রয় বিজ্ঞপ্তি

ইএমডি জমা দেওয়ার শেষ তারিখ : ২৭.১২.২০২১ বিকেল ৫.০০ পর্যন্ত

[illegible]

| ক্র. নং. | ঋণগ্রহীতা/দেনাদার এবং জামিনদারের নাম | স্থাবর সম্পত্তির বিবরণ সম্পত্তি বিক্রয় করা হয়েছে | ১৩(২) তারিখ<br>ও/এস (টাকা)<br>১৩(৪) তারিখ | সংরক্ষিত মূল্য<br>ইএমডি<br>বিড বর্ধিত অর্থ |
|---|---|---|---|---|
| ১. | [illegible] | [illegible] | [illegible]<br>[illegible]<br>[illegible] | [illegible] টাকা<br>[illegible]/- টাকা<br>২০,০০০/- টাকা |
| ২. | [illegible] | [illegible] | [illegible]<br>[illegible] টাকা<br>[illegible] | [illegible]/- টাকা<br>[illegible]/- টাকা<br>[illegible]/- টাকা |

কোনো দায় যদি থাকে : অজানা

পরিদর্শনের তারিখ : [illegible] তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

[illegible] IFSC : CBIN0280107. [illegible] www.centralbankofindia.co.in/English/e_auction.aspx এবং www.bankeauctions.com [illegible] https://ibapi.in [illegible]

[illegible]

তারিখ : ১০.১২.২০২১
স্থান : কলকাতা

চিফ ম্যানেজার/অনুমোদিত আধিকারিক
সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

---

অ্যান্টার্কটিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড
[illegible]
E-mail : antarctic44@gmail.com CIN : L28212DL1983PLC088911
[illegible]

| ক্র. নং. | শেয়ারহোল্ডারদের নাম | ডাক ঠিকানা | [illegible] | [illegible] | শেয়ার সংখ্যা | [illegible] | [illegible] |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | প্রযোজ্য নয় | | | |

[illegible]

[illegible]

অ্যান্টার্কটিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে
[illegible]
ডিরেক্টর
DIN 00528310

---

### CHANGE OF NAME

I, Moumita Banerjee D/o Malay Kumer Mishra &amp; W/o Bijoy Banerjee R/o Regent Park, English Bazar, Malda-732101, W.B shall henceforth be known as Moumita Mishra by virtue of affidavit sworn before the Notary Public Kolkata on 08-12-2021.

### এফিডেভিট

আমি শ্রী সঞ্জীব পাত্রে, পিতা কৃষ্ণনন্দ পাত্রে, বাসস্থান-সারাটি নোয়াপাড়া, পোঃ বাসুরি, থানা-হরিপাল, জেলা-হুগলী, ঘোষণা করছি যে আমার সচিত্র পরিচয়পত্র নম্বর UAA1963545 এবং আমার আধার কার্ড নং ৩৭২১৫৪৫১৬১৮৮০। আমার এবং আমার পিতার নাম ভুলবশতঃ সন্দীপ দুলে, পিতা দীপঙ্কর দুলে বলে উল্লেখিত হয়েছে, সঞ্জীব পাত্রে, পিতা কৃষ্ণনন্দ পাত্রের স্থানে। সেই কারণে মহামান্য এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চুঁচুড়া, হুগলী আদালতে ২০ জুলাই, ২০২১ তারিখে এফিডেভিট বলে এখন থেকে সঞ্জীব পাত্রে, পিতা কৃষ্ণনন্দ পাত্রে এবং সন্দীপ দুলে, পিতা দীপঙ্কর দুলে একই ব্যক্তি বলে গণ্য হবে।

### PUBLIC NOTICE

Notice is hereby given that my Client **SMT. KAKALI NASKAR wife of Sri Prabir Naskar and Sri Prabir Naskar son of Late Palan Chandra Naskar of 626/C, G.T. Road, Battala, P.O. & P.S. Serampore, Dist. Hooghly;** have lost their original Deeds of Sale vide **Deed No. 2859** for the year 2014 of Serampore ADSR office. That they have lodged GD at Dankuni, P.S. vide No. 363 dated 07/12/2019. If any person found the same please inform the under signee with in 7 days from the date of this publication. If any body tried to use the the said deed for any illegal purpose it will be highly illegal.

**Sd/- Debabrata Das, Advocate,**
**Serampore Court.**
**9831066785**

### CHANGE OF NAME / SURNAME

I Previously called Mohammed Sharfuddin Khan (old name) S/o, Late Mohammed Ashraf Khan R/o, 45/H/1, Dr. Sudhir Bose Road, Ps.- Watgunge, Kolkata - 700023. Have changed my name as Mohammed Sharfuddin (new name) vide an affidavit sworn before the notary public at Kolkata on 09-12-2021.

### CHANGE OF NAME / SURNAME

I Previously called Mohammed Akram Ali (old name) S/o, Late Mansur Ali R/o, 13/H/4, Braun Field Row, Po.- Alipore, Kolkata - 700027. Have changed my name as Mohammed Akram (new name) vide an affidavit sworn before the notary public at Kolkata on 09-12-2021.

### CHANGE OF NAME / SURNAME

I Previously called Zahida Khatoon (old name) W/o, Md. Mahboob Rangrej R/o, 30, Dent Mission Road, Po.- Khidderpore, Kolkata - 700023. Have changed my name as Zahada Begum (new name) vide an affidavit sworn before the notary public at Kolkata on 09-12-2021.

### CHANGE OF NAME / SURNAME

I Previously called Mahboob Ghori (old name) S/o, Hazi Moti Rangrej R/o, 30, Dent Mission Road, Po.- Khidderpore, Kolkata - 700023. Have changed my name as Md. Mahboob Ghori (new name) vide an affidavit sworn before the notary public at Kolkata on 09-12-2021.

### CHANGE OF NAME

I, PREVIOUSLY CALLED MUFADDAL SHABBIR NANDERBARWALA (OLD NAME) S/O. SHABBIR NANDERBARWALA R/O, PRUDENT HABITAT 4TH FLOOR 4C, 76/2, CHRISTOPHER ROAD, GOBINDA KHATICK ROAD, KOLKATA-700046, W.B.
I HAVE CHANGE MY NAME AS MUFADDAL NANDERBARWALA (NEW NAME) BY A NOTARY PUBLIC AFFIDAVIT KOL ON 8-12-21.

### CHANGE OF NAME

I, Noorjhan Begam (old name) W/O Monazir Hussain, Presently R/o 38B, Kabitirtha Sarani, P.O.- Khidderpore, Kolkata- 700023, West Bengal, India I have changed my name to (shall henceforth be known as) Noor Jahan Begam (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 08-12-2021.